

# নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৮৭

(১৯৮৭ সনের ২৬ নং আইন)

১৯৮৭-৮৮ অর্থ বৎসরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দানের জন্য প্রণীত আইন।

যেহেতু ১৯৮৭-৮৮ অর্থ বৎসরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত  
শিরোনাম**

১। এই আইন নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

**১৯৮৭-৮৮  
অর্থ  
বৎসরের  
কিছু  
অংশের  
জন্য সংযুক্ত  
তহবিল  
হইতে**

২। তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যসমূহ নির্বাহ ও উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ১৯৮৭-৮৮ অর্থ বৎসরের কিছু অংশের ব্যয় বহনের জন্য তফসিলের কলাম ৩এ বর্ণিত অর্থের অনধিক অর্থ, সর্বসাকুল্যে দুই হাজার চারশত একচলিষশ কোটি, একানব্বই লক্ষ, পঁচিশ হাজার টাকা, সংযুক্ত তহবিল হইতে প্রদেয় হইবে।

**২৪৪১,৯১,২৫,০০০  
টাকা অগ্রিম  
উত্তোলন**

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে উত্তোলনের জন্য অনুমোদিত অর্থসমূহ উক্ত অর্থ বৎসরের কিছু অংশ সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।